

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়
নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা
www.ecs.gov.bd

জনসংযোগ অধিশাখা

নং-১৭.০০.০০০০.০৪০.১৭.০১৬.১৯-৬৭)

তারিখ: ০১ মার্চ, ২০২৩ খ্রিস্টাব্দ

সংবাদ বিজ্ঞপ্তি

০২ মার্চ ২০২৩ জাতীয় ভোটার দিবস। ৫ম বারের মতো সারাদেশে যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালনের সকল প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। এবারের ভোটার দিবসের প্রতিপাদ্য “ভোটার হব নিয়ম মেনে, ভোট দিব যোগ্যজনে”। জাতীয় ভোটার দিবসে ২০২২ সালের ভোটার তালিকা হালনাগাদের চূড়ান্ত ভোটার সংখ্যা প্রকাশ করা হবে।


ভোটার দিবস উদযাপন উপলক্ষে আগামীকাল ২মার্চ বৃহস্পতিবার সকাল ৮.৩০ ঘটিকায় নির্বাচন ভবনের সামনের চত্বর হতে বর্ণাঢ্য র্যালির মাধ্যমে মাননীয় কমিশন ভোটার দিবস উদযাপন কার্যক্রমের শুভ উদ্বোধন করবেন।

ভোটার দিবস উপলক্ষে ২মার্চ বিকেল ৪.০০ টায় নির্বাচন ভবনের অডিটরিয়ামে ভোটার দিবসের গুরুত্ব ও তাৎপর্য নিয়ে এক আলোচনা সভা অনুষ্ঠিত হবে। মাননীয় প্রধান নির্বাচন কমিশনার প্রধান অতিথি হিসেবে এবং মাননীয় নির্বাচন কমিশনারবৃন্দ বিশেষ অতিথি হিসেবে অনুষ্ঠানে উপস্থিত থাকবেন। এছাড়াও সন্ধ্যা ৬.১৫ মিনিটে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হবে।

ভোটার দিবসে দক্ষতা ও কৃতিত্বের সাথে দায়িত্ব পালনের জন্য নির্বাচন কমিশনের ৩ জন টোকস কর্মকর্তাকে জাতীয় নির্বাচনি পদক প্রদান করা হবে।

ঢাকাসহ আঞ্চলিক, জেলা ও উপজেলা/থানা পর্যায়ে নানাবিধ কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এছাড়া উপজেলা, জেলা ও আঞ্চলিক পর্যায়েও যথাযোগ্য মর্যাদায় জাতীয় ভোটার দিবস পালন করা হবে। দিবসটি উপলক্ষে মাঠপর্যায়ের কার্যালয়সূহে র্যালি ও আলোচনা অনুষ্ঠানের আয়োজন করা হবে।

এ বছর ৫ম বারের মতো জাতীয় ভোটার দিবস উদযাপন করা হচ্ছে। বাংলাদেশে গণতন্ত্রের পদযাত্রায় নতুন একটি সংযোজন হচ্ছে জাতীয় ভোটার দিবস। ২০১৩ সালে সার্কভুক্ত দেশগুলোর নির্বাচন বিষয়ক সংগঠন ফেমবোসার (FEMBoSA) চতুর্থ সভার সিদ্ধান্ত মোতাবেক সদস্য দেশগুলো জাতীয়ভাবে ভোটার দিবস পালনের সিদ্ধান্ত গ্রহণ করে। এর পরই মূলত জাতীয় ভোটার দিবস উদযাপনের চিন্তাভাবনা শুরু হয়। এরই ধারাবাহিকতায় নির্বাচন কমিশন সচিবালয় জাতীয়ভাবে ভোটার দিবস উদযাপনের একটি প্রস্তাব কমিশন সভায় উপস্থাপন করে। মাননীয় কমিশন প্রস্তাবটি সর্বসম্মতিক্রমে গ্রহণ করেন এবং নীতিগতভাবে জাতীয় ভোটার দিবস উদযাপনের সিদ্ধান্ত গ্রহণ করেন।



(এস এম আসাদুজ্জামান)

পরিচালক (জনসংযোগ)

ও যুগ্মসচিব (সিসি)

ফোন : ৫৫০০৭৫২০